প্রথম আলো

তারিখ 8 JUL 2009
পৃষ্ঠা ২ কলাম ২

সংসদে প্রশ্নোত্তর

# নীতিমালা চূড়ান্ত হলে এমপিওভুক্তির পদক্ষেপ নেওয়া হবে

নিজস্ব প্রতিবেদক ●

শিগগির ২৫ হাজার প্রাথমিক শিক্ষক নিয়োগ দেবে সরকার। গতকাল মঙ্গলবার জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এ তথ্য জানান।

রাজশাহী-৬ আসনের সাংসদ শাহরিয়ার আলমের এক সম্পূরক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষক নিয়োগের ব্যাপারে ব্যবস্থা নেওয়া হচ্ছে। বর্তমান সরকার শিক্ষাকে অধিক গুরুত্ব দেয় বলে তিনি মন্তব্য করেন।

**এমপিওভুক্তির নীতিমালা :** নরসিংদী-৪ আসনের সাংসদ নূরুল মজিদ মাহমুদ হুমায়ুনের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, এমপিওভুক্তির নীতিমালা প্রণয়নে একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। এ কমিটির প্রতিবেদন পাওয়ার পর নীতিমালা চূড়ান্ত হলে দেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে এমপিওভুক্তির বিষয়ে পদক্ষেপ নেওয়া হবে।

সাংসদ আনোয়ারুল আশরাফ খানের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী সংসদকে জানান, প্রতিটি উপজেলায় পর্যায়ক্রমে একটি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করা হবে।

এরপর পৃষ্ঠা ১৯ কলাম ৬ ● আরও খবর : পৃষ্ঠা-[illegible]

## নীতিমালা চূড়ান্ত হলে

শেষ পৃষ্ঠার পর

**পরিত্যক্ত বাসার সংখ্যা ১২ হাজার সাতটি :** সাংসদ ফজলুল আজিমের এক প্রশ্নের জবাবে গৃহায়ণ প্রতিমন্ত্রী আব্দুল মান্নান খান জানান, পরিত্যক্ত সম্পত্তির মধ্যে সরকারের ব্যবস্থাপনায় শুধু শহর এলাকায় নয় হাজার ৭৫২টি বাড়ি রয়েছে। আরও দুই হাজার ২৫৫টি বাড়ি রয়েছে, যা সরকারের নিয়ন্ত্রণে নেই। তবে ওই সব বাড়ির বিষয়ে নোটিশ দেওয়া হয়েছে বলে প্রতিমন্ত্রী জানান।

**সচিবালয় অন্যত্র স্থানান্তর প্রসঙ্গে :** সাংসদ কে এইচ রশীদুজ্জামানের এক প্রশ্নের জবাবে গৃহায়ণ প্রতিমন্ত্রী আব্দুল মান্নান খান জানান, বাংলাদেশ সচিবালয় অন্যত্র স্থানান্তরের বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে।